ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

তীব্র এই শীতে সমাজের নিম্নআয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহে ’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

বুধবার (১৭ ডিসেম্বর) সকালে শহরের চুয়াডাঙ্গা স্ট্যান্ড এলাকায় হোটেল শ্রমিকদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

জেলা হোটেল শ্রমিক ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক আমির হোসেনের পক্ষ থেকে শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত হোটেলের শ্রমিকদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

সেসময় হোটেল মালিক সমিতির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, হোটেল শ্রমিক ইউনিয়নের সভাপতি জহির উদ্দিন, সহ-সভাপতি বাবলু মিয়াসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন।

ঝিনাইদহে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

‘সুবিধাবঞ্চিত শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ এর মধ্যদিয়ে ঝিনাইদহে আত্মপ্রকাশ ঘটলো’ সংযোগ ভলেন্টিয়ার্স বাংলাদেশ ঝিনাইদাহ জেলা শাখার।

গতকাল রবিবার (৩০ নভেম্বর) রাত ১০টার দিকে শহরের শ্রমজীবি, সিনিয়র সিটিজেন, নাইট গার্ড, রিক্সা চালকদের মাঝে ও সোমাবার সকালে হরিণাকুণ্ডুর হরিশপুরের ভিক উদ্দিন-সারা খাতুন নূরানী ও হাফিজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে এই শীত বস্ত্র প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সংযোগ ভলেন্টিয়ার্স প্রোগ্রামের জেলার

প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান, নির্বাহী সদস্য মোঃ হাসানুর রহমান, খুরশিদ সাকলাইন কাব্য, তাজিম আহম্মেদ ও মোঃ আজমুল হুসাইন জনি। এছাড়া উপদেষ্টা মন্ডলির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক (অব:) ও সাংবাদিক খুরশিদ মোহাঃ সালেহ, দৈনিক ইত্তেফাকের প্রতিনিধি সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, সহকারী অধ্যাপক ড. রমজান আলী, দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি ও নবগঙ্গা ফিটনেস একাডেমির সত্বাধিকারী কাজী আলী আহমেদ লিকু, প্রভাষক মতিয়ার রহমান, জীবন রহমান প্রমূখ।

বিতরণ কালে প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান বলেন শিক্ষিত বেকার যুবকদের কমপিউটারের প্রশিক্ষণের মাধ্যমে অনলাইনে কাজ করে অত্মকর্মসংস্থান করা যেমন আমাদের প্রধান লক্ষ্য তেমনি আমাদের এই অর্জিত আয় থেকে অসহায় সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও এতিম শিশু কিশোরদের পাশে দাড়ানোও আমাদের লক্ষ্য।

মেহেরপুরে শীতার্তদের মাঝে এনসিপির কম্বল বিতরণ

মেহেরপুরে শীতার্ত ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। তীব্র শীতের কনকনে ঠান্ডায় অসহায় মানুষের পাশে দাঁড়াতে এনসিপির উদ্যোগে গতকাল শনিবার এ কম্বল বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এনসিপির মেহেরপুর জেলার যুগ্ম-সমন্বয়কারী আরিফ খানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন দলের কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও মেহেরপুর জেলার প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় যুব শক্তির কেন্দ্রীয় সংগঠক মোঃ সাজেদুর রহমান এবং মুজাহিদুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম-সমন্বয়কারী আশিক

রাব্বি, মোঃ তামিম ইসলাম, হাসনাত জামান সৈকত, তৌহিদ রবিন, আমির হামজা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ জানান, মানুষের দুঃসময়ে তাদের পাশে থাকা এনসিপির অঙ্গীকার। শীতের এই দুর্দিন কাটানো পর্যন্ত অসহায় মানুষের মাঝে সহায়তা প্রদান অব্যাহত থাকবে বলেও জানান তারা।

দামুড়হুদায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ ভান্ডার হতে ৩ কিস্তিতে ২৯১টি শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

গ্রামে একটা কথা চালু আছে ‘কারো পৌষ মাস, কারো সর্বনাশ’। শীতকাল বৃত্তবানদের কাছে অনেক সুখকর সময় মনে হলেও দুস্থ অসহায় মানুষের কাছে সর্বনাশই। কারণ শীতকাল এলেই ধনী বা মধ্যবিত্তরা বাহারি ডিজাইন ও নানা রঙের শীতের পোশাক কেনার ধুম পড়ে যায়।

আর যাদের সামান্য একটি শীতের পোশাক কেনার সামর্থ্য নেই, তাদের কাছে শীতকাল মানেই সর্বনাশ। তাদের কছে সরকারি কম্বলই একমাত্র সম্বল। বরাবরের মতো এবারও এসব অসহায় ও দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র পৌঁছে দিচ্ছে বাংলাদেশ সরকার।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক মোঃ নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর

রাজ্জাক, ৬ নং ওয়ার্ড বিএনপির সভাপতি রোকনুজ্জামান বাবু, দামুড়হুদা থানা যুবদলের সদস্য মমিনুল ইসলাম, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক, ইউপি সদস্য রিকাত আলী, সেলিমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। শীতার্ত মানুষের পাশে থাকি মানবিক হৃদয় জাগ্রত রাখে এই শ্লোগানে মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সন্ধ্যায় পৌর শহরের ৮ নং ওয়ার্ড কলেজপাড়ায় মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ আয়োজন করা হয়েছে।

মেহেরপুর ডেভেলপমেন্ট ফোরাম এর সভাপতি আবু সাঈদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৯ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর সোহেল রানা ডলার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ডেভেলপমেন্ট ফোরামের সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, উপদেষ্টা রাশেদ ওসমান, উপদেষ্টা আব্দুল জব্বার, ৫ নং ওয়ার্ড কনভেনর গোলাম মোস্তফা,৭ নং ওয়ার্ড কনভেনার রবিউল ইসলাম সহ ডেভেল পমেন্ট ফোরামের সদস্যরা।

মেহেরপুর ডেভলপমেন্ট ফোরামের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে মোঃ আমজাদ হোসেন সঞ্চালনায় এই সময় ৫০০ শত শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়ে।

ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতে কাপছে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষ। তীব্র এই শীতে সমাজের নিম্ন আয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহে ৫’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার রাতে এ কম্বল বিতরণের আয়োজন করে ঝিনাইদহ পৌরসভার ৪ নং ওয়ার্ড বিএনপি। সোমবার রাতে স্বেচ্ছাসেবক দলের অন্যতম নেতা আজিজুল ইসলাম লিটনের সৌজন্যে শহরের হামদহ ট্যাংকিপাড়ায় এ কম্বল বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কম্বল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ।

অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। সেসময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি এনামুল কবির মুকুল, যুগ্ম সাধারণ সম্পাদক এম শাহজাহান আলী, আসিফ ইকবাল মাখন, কোষাধ্যক্ষ জুলফিকার হোসেন, সহ-দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান শেখর, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুহুল আমিন পিকুলসহ অন্যান্যরা।

এসময় শহরের ৪ নং ওয়ার্ড এর ৫’শাতধিক অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন। পরে প্রধান অতিথি জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদের হজ¦ পালনের জন্য দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠান শেষে নৈশ ভোজের আয়োজন করা হয়।

গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ

তহবিল হতে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত শীতবস্ত্র শীতার্তদের মাঝে বিতরণ করেছে উপজেলা আওয়ামী লীগের নেতাকর্মীরা।

বৃহস্পতিবার (২০ জনুয়ারী) বিকেলে উপজেলার তেরাইল গ্রামে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের মাননীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। ৬ টি ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদককের মাঝে ৫টি করে শীতবস্ত্র বিতরণ করা হয়। সেই সাথে এলাকায় প্রকৃত অসহায় মানুষকে নির্বাচন করেন তাদের মাঝে শীতবস্ত্র বিতরন করার নির্দেশনা দেয়া হয়েছে। ইউনিয়ন গুলো হল কাথুলী, তেতুলবাড়িয়া, কাজিপুর, বামন্দি, মটমুড়া ও সাহারবাটি।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক যথাক্রমে মনিরুজ্জামান মনি, নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ সকল ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন।